গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ০৬ জুলাই, ২০১৭ এর তারিখ অনুষ্ঠিত (১ম) সভার কার্যবিবরনী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ইকরামুল হক, অতিরিক্ত সচিব ও সচিবের রুটিন দায়িত্বে |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ |
| সময় | : | ৩.৩০ |
| সভায় উপস্থিতর তালিকা | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে সভাপতি মহোদয় বলেন যে, স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয় জনাব আবদুল মালেক অসুস্থতাজনিত কারণে দেশের বাহিরে অবস্থান করায় তিনি সচিবের রুটিন দায়িত্ব পালন করছেন। সভায় সচিব মহোদয়ের রোগমুক্তি ও সুস্বাস্থ্য কামনা করে সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি এ বিভাগের পরিচালক (অতিরিক্ত সচিব) মইই উইং ও জনাব এ.বি.এম আরাশাদ হোসেন-কে অনুরোধ করেন। সভার সূচনা বক্তব্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, শুদ্ধাচার কৌশলপত্র জাতীয় গুরুত্বপূর্ণ একটি দলিল। রাষ্ট্রের সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য,স্বাধীনতা ও সু-শাসন প্রতিষ্ঠায় দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিপালন একটি অপরিহার্য পরাকৌশল। সরকারের সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের বিশেষ করে জনগণের নিকট সরাসরি সেবা প্রদানকারীদের ন্যায় নিষ্ঠভাবে সুষ্ঠু, সুন্দর ও টেকসই উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা "সোনার বাংলা গড়ার প্রত্যয়"(National integrity strategy) এর কৌশলপত্রের ২.১০ নং ক্রমিকে স্থানীয় সরকার বিভাগের বিস্তারিত কর্মপরিকল্পনা অনুমোদন করেছেন। সে আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা ও পরিবীক্ষন কাঠামো অনুমোদন করা হয়েছে। সে অনুযায়ী ৩য় কোয়ার্টার (জুন-মার্চ) এ বিভাগের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। বর্তমানে ৪র্থ কোয়ার্টারের প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

১.১ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব এ.বি.এম আরশাদ হোসেন, পরিচালক (অতিরিক্ত সচিব),সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভায় আরো উল্লেখ করেন যে, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮.০৬.২০১৭খ্রিঃ তারিখের স্মারক নং ১৯৭(১) অনুসারে ২০১৭-১৮ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ ছক প্রস্তুতের নির্দেশাবলী প্রেরণ করা হয়েছে। উক্ত নির্দেশাবলীতে উল্লেখ করা হয়েছে যে, "সরকার ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রিয় প্রতষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের বিভাগীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৭-১৮ শীর্ষক ৩টি পৃথক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত নির্দেশিকাসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা, অনুসরনীয় পদ্ধতি এবং গৃহীত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচী অর্ন্তভূক্ত রয়েছে। এ নির্দেশিকা অনুসরণে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রিয় প্রতিষ্ঠানসমূহ ২০১৭-১৮ অর্থ বছরে তাদের স্ব-স্ব জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রস্তুত করার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রস্তুত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।" তিনি সভায় উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্দেশনা অনুসারে আগামী ২১ জুন/২০১৭ তারিখের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রস্তুতপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রিয় প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হয়। একইসংগে তাঁর আওতাধীন সকল দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য প্রণীত নির্দেশিকা অনুযায়ী আগামী ১৩ জুলাই/২০১৭ তারিখের মধ্যে এ সংক্রান্ত কর্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। এরপর ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় আরো উল্লেখ করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরের প্রস্তুতকৃত পরিবীক্ষণ কাঠামোর ৩নং ক্রমিকে আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কারের অগ্রগতি প্রতিবেদন পর্যলোচনায় দেখা যায় যে, কর্মপরিকল্পনায় গৃহীত বেশীরভাগ বিধির কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়ে গেজেট প্রকাশিত হয়েছে। বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সম্প্রতি জারীকৃত নির্দেশনার আলোকে ২০১৭-১৮ অর্থ বছরের জন্য আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কারের বর্তমান কর্মপরিকল্পনার তথ্য এ বিভাগের সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা থেকে সংগ্রহ করে প্রস্তুত করা হয়েছে। সদয় অনুমোদিত হলে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যেতে পারে।

(অঃপৃঃদ্রঃ)

১.২ সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা আরো জানান যে,মন্ত্রি পরিষদ বিভাগ কর্তৃক শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য প্রত্যেকটি মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর/সংস্থার জন্য পৃথকভাবে কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ ছক প্রস্তুতের নীতিমালা প্রণয়ন করা হয়েছে। তদনুসারে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা (জন্ম-মৃত নিবন্ধনসহ) এর নিকট নির্দেশাবলী প্রেরণ পূর্বক এ বিভাগে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হয়েছে।

১.৩ সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে ২০১৬-১৭ অর্থ বছরের প্রস্তুতকৃত ৪র্থ কোয়ার্টাররের (এপ্রিল-জুন/২০১৭) অগ্রগতি প্রতিবেদন এবং মন্ত্রিপরিষদ বিভাগের সম্প্রতি জারীকৃত নির্দেশনানুসারে প্রস্তুতকৃত ২০১৭-১৮ অর্থ বছরের জন্য কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ ছকে উপস্থাপিত তথ্যসম্বলিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের অনুমোদন দেয়া হয়।

সিদ্ধান্ত ঃ

১. ২০১৬-১৭ অর্থ বছরের (৪র্থ কোয়ার্টার এপ্রিল-জুন/২০১৭) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে প্রস্তুতকৃত ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ ছকে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. স্থানীয় সরকার বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির নিয়মিত সভা আহবান করতে হবে।

৪. স্থানীয় সরকার বিভাগ ও তার আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে মন্ত্রিপরিষদ বিভাগীয় নির্দেশনা প্রেরণ নিশ্চিত করতে হবে।

২. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৮/৭/২০১৭

এ.বি.এম. আরশাদ হোসেন
অতিরিক্ত সচিব (মইই উইং)
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(ইকরামুল হক)
অতিরিক্ত সচিব
ও
সচিবের রুটিন দায়িত্বে
স্থানীয় সরকার বিভাগ

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো।

## ২০১৭-২০১৮

**মন্ত্রণালয়ের নাম: স্থানীয় সরকার বিভাগ।**

| কার্যক্রম | সূচক | একক | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট | ভিত্তি বছর ২০১৬-১৭ | ২০১৭-১৮ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | অগ্রগতি পরিবীক্ষণ | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/প্রকৃত অর্জন | ১ম কোয়ার্টার জুলাই/১৭ সেপ্টেম্বর/২০১৭ | ২য় কোয়ার্টার অক্টোবর ১৭ ডিসেম্বর/২০১৭ | ৩য় কোয়ার্টার জানুঃ/১৮ মার্চ/২০১৮ | ৪র্থ কোয়ার্টার এপ্রিল/১৮ জুনঃ/২০১৮ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ঃ** | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটি'র সভা। | অনুষ্ঠিত সভা | সংখ্যা | সচিব (প্রশাসন অনুবিভাগ) | ৬ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্তের হার | % | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ১.৩ মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ | চিহ্নিত অন্তরায়সমূহ | তারিখ | | | ৩১ জানুয়ারি ২০১৮ | লক্ষ্যমাত্রা | | | ৩১.০১.১৮ | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ১.৪ অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | সভা | | | ২ | লক্ষ্যমাত্রা | | ১ | | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **২. সচেতনতা বৃদ্ধি ঃ** | | | | | | | | | | | |
| ২.১ সচেতনতা বৃদ্ধিমূলক সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ৬ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ | প্রশিক্ষণার্থী | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ১৮০ | ২০০ | লক্ষ্যমাত্রা | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| **৩. আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার ঃ** | | | | | | | | | | | |
| ৩.১ প্রস্তাবিত পৌরসভাসমূহের জনবল ও সাংগঠনিক কাঠামো | প্রজ্ঞাপন জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ১ | ০ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৩.২. স্থানীয় পরিষদ ইমারত (নির্মাণ, উন্নয়ন, নিয়ন্ত্রণ, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০১৬ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৩.৩. ইউনিয়ন পরিষদ (কর,রেইট,টোল,ফিস ধার্য,আদায় ও নিয়ন্ত্রন সম্পর্কিত যাবতীয় বিষয়) বিধমালা, ২০১৭ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৩.৪. স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন,প্রশিক্ষণ,শৃংখলা ও চাকুরী শর্তাবলী সম্পর্কিত বিধিমালা,২০১৫ এর সংশোধন। | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৩.৫. স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন,২০০৯ অধিকতর সংশোধন। | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৩.৬ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো সংশোধন ও লোকবল নিয়োগ, বিধিমালা ২০১৬ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (পানি সরবরাহ) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৩.৭ জেলা পরিষদের সম্পত্তি ব্যবস্থাপনা বিধিমালা,২০১৭ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ১ | ০ | ০ | |
| | | | | | | প্রকৃত অর্জন | ০ | ১ | ০ | - | |
| ৩.৮ জেলা পরিষদ চুক্তি সম্পাদন বিধিমাল,২০১৭ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | ০ | ০ | ০ | - | |

(অঃপৃঃদ্রঃ)

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩.৯ জেলা পরিষদ তহবিল গঠন, পরিচালন, হিসাবরক্ষণ ও নিরীক্ষণ বিধিমালা,২০১৭ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ৮০০ | ১০০০ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | ০ | ০ | ০ | - | |
| ৩.১০ জেলা পরিষদের কর,রেইট,টোল এবং ধার্য,আদায় ও নিয়ন্ত্রণ বিধিমালা,২০১৭ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ৫০০ | ৮৮৮ | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | জেলা পরিষদ, উপজেলা পরিষদ,পৌরসভা, ও সিটি কর্পোরেশ কর্তৃক সভা। |
| | | | | | | প্রকৃত অর্জন | ১০০% | ১০০% | ১০০% | - | |
| ৩.১১ জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের অপসারণ বিধিমালা,২০১৭ | বিধিমালা জারী | শতাংশ % | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ৫০০ | ৮০০ | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | ১০০% | ১০০% | ১০০% | - | |
| ৩.১২ জেলা পরিষদের কার্যাদি নিস্পন্ন বিধিমালা,২০১৭ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | প্রক্রিয়াধীন |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৩.১৩ নারায়নগঞ্জ সিটি করের্পারেশনের নিয়োগ বিধি,২০১৭ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) | | | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৩.১৪ নারায়নগঞ্জ সিটি করের্পারেশনের চাকুরী প্রবিধানমালা,২০১৭ | বিধিমালা জারী | সংখ্যা | অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) | | | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| **৪.শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান ঃ** | | | | | | | | | | | |
| ৪.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ এর বিধানানুসারে শুদ্ধাচার পুরস্কার প্রদান | প্রদত্ত পুরস্কার | সংখ্যা | ১. সচিব<br>২. সদস্য সচিব, নৈতিকতা কমিটি | ০ | ৩ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ৩ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| **৫. ই-গভর্ন্যান্স ও সেবার মান উন্নীতকরণ ঃ** | | | | | | | | | | | |
| ৫.১ অনলাইন রেসপন্স সিস্টেম ব্যবহার | ই-মেইলে/এসএমএস-এর মাধ্যমে নিস্পত্তিকৃত বিষয় | শতাংশ % | ১.জিআরএস ফোকাল পয়েন্ট,<br>২. প্রোগ্রামার | ০ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৫.২ বিভিন্ন মাধ্যম (সামাজিক যোগাযোগ মাধ্যম) ব্যবহার করে অনলাইনে কনফারেন্স আয়োজন | অনুষ্ঠিত অনলাইনে কনফারেন্স | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ৪ | ৮ | লক্ষ্যমাত্রা | ২ | ২ | ২ | ২ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৫.৩ মন্ত্রণালয়ে/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | শতাংশ % | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০ | ৩০ | ৪০ | ৫০ | চলমান |
| | | | | | | প্রকৃত অজন | | - | - | - | |
| ৫.৪ দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার | ইউনিকোড ব্যবহার করে দাপ্তরিক কার্য সম্পাদন | শতাংশ % | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ১ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | চলমান |
| | | | | | | প্রকৃত অজন | | - | - | - | |
| ৫.৫ মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালুকরণ | নূন্যতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ২৮/২/২০১৭ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ২৮/২/১৭ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৫.৬ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | ই-টেন্ডাওে সম্পাদিত ক্রয় কার্য | শতাংশ % | | | | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৫.৭ দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়া ব্যবহার | দাপ্তরিক সোশ্যাল মিডিয়া পেজ চালু | তারিখ | | | ৩১.০৮.১৭ | লক্ষ্যমাত্রা | ৩১.০৮.১৭ | | | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **৬ উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ** | | | | | | | | | | | |
| ৬.১ মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ প্রণয়ণ | উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | অতিরিক্ত সচিব | ৮ | ৩১.০৭.১৭ | লক্ষ্যমাত্রা | ৩১.০৭.১৭ | - | - | - | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৬.২ মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী কমপক্ষে দুটি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন | উাস্তবায়িত উদ্ভাবনী ধারনা | তারিখ | | | ৩১.১২.১৭ | লক্ষ্যমাত্রা | | ৩১.১২.১৭ | | ০১.০৬.১৮ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৬.৩ মন্ত্রণালয়/বিভাগের কমপক্ষে একটি করে সেবা পদ্ধতি সহজীকরণের উদ্যোগ গ্রহণ | সেবা পদ্ধতি সহজীকরণ | তারিখ | | | ৩১.০৫.১৮ | লক্ষ্যমাত্রা | | | | ৩১.০৫.১৮ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |

(অপঃপৃঃদ্রঃ)

| কার্যক্রম | সূচক | একক | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট | ভিত্তি বছর ২০১৬-১৭ | ২০১৭-১৮ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | অগ্রগতি পরিবীক্ষণ | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষমাত্রা/প্রকৃত অর্জন | ১ম কোয়ার্টার জুলাই/১৭ সেপ্টেম্বর/২০১৭ | ২য় কোয়ার্টার অক্টোবর ১৭ ডিসেম্বর/২০১৭ | ৩য় কোয়ার্টার জানুঃ/১৮ মার্চ/২০১৮ | ৪র্থ কোয়ার্টার এপ্রিল/১৮ জুনঃ/২০১৮ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ৭ **জবাবদিহি শক্তিশালীকরণ ঃ** | | | | | | | | | | | |
| ৭.১ দ্রুততম সময়ে অভিযোগ নিস্পত্তি | অভিযোগ নিস্পত্তিকৃত | দিন | ১.অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২. যুগ্ম-সচিব (মনিটরিং) | ৪ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৭.২ অভিযোগ নিস্পত্তি করে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিতকরণ | নিস্পত্তিকৃত অভিযোগ অবহিতকরণ | দিন | | | | লক্ষ্যমাত্রা | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.৩ অভ্যান্তরীন নিয়ন্ত্রণ ম্যানুয়েল ২০০৫ এর বিধান অনুযায়ী গঠিত অডিট কমিটির সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | | | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.৪ অডিট আপত্তি নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত অডিট আপত্তি | % | | | ৬০% | লক্ষ্যমাত্রা | ১৫% | ২০% | ২৫% | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.৫ দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম (যেমন ঃ ইলেক্ট্রনিক উপস্থিতি, গণশুনানী ইত্যাদি) গ্রহণ | গৃহীত কার্যক্রম | সংখ্যা | | | ১ | লক্ষ্যমাত্রা | - | - | - | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.৬ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রিয় প্রতিষ্ঠানের দুর্নীতির ক্ষেত্রসমূহ (Grey Area) চিহ্নিত | চিহ্নিত ক্ষেত্রসমূহ | সংখ্যা | | | ২ | লক্ষ্যমাত্রা | - | ১ | ১ | - | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.৭ তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ | অনলাইনে প্রশিক্ষণে সনদ প্রাপ্ত | তারিখ | | | ২৮.০২.১৮ | লক্ষ্যমাত্রা | | | ২৮.০২.১৮ | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৮ জাতীয় শুদ্ধাচর কৌশলে উল্লেখিত মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কার্যক্রম (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | | | | | | | |
| ৮.১ সামাজিক-অর্থনৈতিক ভৌগোলিক বাস্তবতার আলোকে (জনসংখ্যা, আয়তন, অনগ্রসরতা) স্থানীয় সরকারসমূহে সম্পদ বরাদ্দ বৃদ্ধিকরণ | বাৎসরিকভাবে বৃদ্ধিপ্রাপ্ত বরাদ্দ | শতাংশ % | অতিরিক্ত সচিব (প্রশাসন) | এডিপি | ১৮০০ কোটি টাকা | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৮.২ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের আয়ের ভিত্তির পরিসর বৃদ্ধিকরণ | নতুন ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে কর সংগ্রহের সুযোগদান, বিক্রয় কর, মূল্য সংযোজন কর আহরণ করার আইন ভিত্তি প্রদান | মধ্যমেয়াদে | ১। অতিরিক্ত সচিব | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৮.৩ স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তা, কর্মচারীদের স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিতকরণের জন্য নাগরিক উদ্যোগ গ্রহণ | সংগঠিত নাগরিকগোষ্ঠী কর্তৃক রিপোর্ট কার্ড দাখিল এবং স্থানীয় সরকারের সংস্থাসমূহ থেকে তথ্য লাভ | মধ্যমেয়াদে | -১। অতিরিক্ত সচিব<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)<br>৪। যুগ্ম-সচিব (পৌর) | ০ | ৪ | লক্ষ্যমাত্রা | ০ | ২ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৮.৪ স্থানীয় সরকারের (বিশেষত উপজেলা ও জেলা পরিষদ) সংসদ সদস্য ও সরকারি কর্মকর্তাগণের ভূমিকা ও এখতিয়ার সুনিদিষ্টকরণ | গাইডলাইন প্রণীত | স্বল্পমেয়াদে | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ১ | ০ | ০ | ০ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৮.৫ জেলা পরিষদের কর্মপরিধি নির্ধারণ এবং জেলাকে স্থানীয় সরকারের কেন্দ্রবিন্দু হিসাবে চিহ্নিতকরণ | কর্মপরিধি নির্ধারিত ও স্পষ্টীকৃত | মধ্যমেয়াদে | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |

(অঃপৃঃদ্রঃ)

| কার্যক্রম | সূচক | একক | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট | ভিত্তি বছর ২০১৬-১৭ | ২০১৭-১৮ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | অগ্রগতি পরিবীক্ষণ | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষমাত্রা/প্রকৃত অর্জন | ১ম কোয়ার্টার জুলাই/১৭ সেপ্টেম্বর/২০১৭ | ২য় কোয়ার্টার অক্টোবর ১৭ ডিসেম্বর/২০১৭ | ৩য় কোয়ার্টার জানুঃ/১৮ মার্চ/২০১৮ | ৪র্থ কোয়ার্টার এপ্রিল/১৮ জুনঃ/২০১৮ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ৮.৬ স্থানীয় সরকার সার্ভিস প্রবর্তন | স্থানীয় সরকার সার্ভিস বিধি প্রণয়ন ও তদনুসারে লোকবল নিয়োগ। | দীর্ঘমেয়াদে | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৮.৭ স্থানীয় সরকারের প্রতিনিধি, কর্মকর্তা কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণ | প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি কার্যক্রমের প্রতিবেদন | প্রশিক্ষনার্থী | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ৮০০ | ১০০০ | লক্ষ্যমাত্রা | ২৫০ | ২৫০ | ২৫০ | ২৫০ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৮.৮ শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে মাতাপিতাদের (Parents) মত বিনিময়ের আয়োজন করা | সভা অনুষ্ঠিত ও কার্যক্রম পরিচালিত | শতাংশ % | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ৫০০ | ৮৮৮ | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৮.৯ শিশু-কিশোর ও তরুণ-তরুণীদের স্বেচ্ছাসেবা, দেশপ্রেম ও জনসেবামূলক কর্মকান্ডে অংশগ্রহণে উৎসাহ ও সহায়তা প্রদান | উল্লিখিত কর্মকান্ডে শিশু-কিশোর, তরুণ-তরুণীদের অধিক হারে অংশগ্রহণ | শতাংশ % | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ৫০০ | ৮০০ | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৮.১০ রোল মডেলদের কর্ম ও কীর্তির প্রচার প্রসার ঘটানো | কার্যক্রমের প্রচার ও প্রসার সম্পর্কিত প্রতিবেদন | দীর্ঘমেয়াদী | অতিরিক্ত সচিব (প্রশাসন) | ০ | ১ | লক্ষ্যমাত্রা | ০ | ০ | ০ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| **৯ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নৈতিকতা কমিটি কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম** | | | | | | | | | | | |
| ৯.১ মন্ত্রণালয়/বিভাগের মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচীতে শুদ্ধাচার বিষয় অন্তর্ভূক্ত করে নিয়মিত আলেচনা। | আয়োজিত সভা | সংখ্যা | সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও কাউন্সিল শাখা) | ০৭ | ১২ | লক্ষ্যমাত্রা | ৩ | ৩ | ৩ | ৩ | চলমান প্রক্রিয়া |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৯.২সংস্থা/প্রতিষ্ঠানে নৈতিকতা কমিটির সভা নিয়মিত আয়োজন। | আয়োজিত সভা | সংখ্যা | সংস্থা প্রধান | ২০৮ | ১৪৪ | লক্ষ্যমাত্রা | ৩৬ | ৩৬ | ৩৬ | ৩৬ | ১৮টি সংস্থা |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ৯.৩ স্থানীয় সরকার বিভাগের আইন/বিধি/নীতি ও সার্কুলরি ওয়েব সাইটে প্রকাশ । | হালনাগাদ উপস্থাপিত | শতাংশ (%) | অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ, প্রগ্রামার) | ১০০% | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| **১০ অর্থ বরাদ্দ ঃ** | | | | | | | | | | | |
| ১০.১ শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য আনুমানিক (Indicative budget) অর্থের পরিমান | বরাদ্দকৃত অর্থ | লক্ষ টাকা | অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) | সভা, সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| **১১ পরিবীক্ষণ ও মূল্যায়ন ঃ** | | | | | | | | | | | |
| ১১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | এন.আই.এস ফোকাল পয়েন্ট | ১ | ১৩.০৭.২০১৭ | লক্ষ্যমাত্রা | ১৭.০৭.২০১৭ | ০ | ০ | ০ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |
| ১১.২ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) | ৪ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | - | - | - | - | |

(অঃপৃঃদ্রঃ)

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১১.৩ আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | | তারিখ | | | ১৩.০৭.১৭ | লক্ষ্যমাত্রা | ১৩.০৭.১৭ | | | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ১১.৪ আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে দাখিল | | সংখ্যা | | | ৪xপ্রতিষ্ঠানের সংখ্যা | লক্ষ্যমাত্রা | | | | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |

(এ.বি.এম.আরশাদ হোসেন)
পরিচালক (অতিরিক্ত সচিব) মইই উইং
স্থানীয় সরকার বিভাগ।
ও
ফোকাল পয়েন্ট NIS।

(ইকরামুল হক)
অতিরিক্ত সচিব
ও
সচিবের রুটিন দায়িত্বে
স্থানীয় সরকার বিভাগ